বাংলাদেশ পাটকল করপোরেশন
আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

বিজেএমসি/প্রকল্প-প্রশা-হাবিজ-৬(অংশ)/০৩/ ২৩২৫ তারিখঃ ২০-১১-২০০৩ ইং।

পরিপত্র নং-৫১

সংস্থার পরিপত্র সূত্র নং-বিজেএমসি/পরি/স্ক্র্যাপ-অডলট-পুকুর লীজ-জমিজমা/১৪৪১ তারিখ ১৫-৬-০৩ অনুযায়ী বিজেএমসির নিয়ন্ত্রণাধীন মিলসমুহের অরপ্তানীযোগ্য উৎপাদিত পণ্য (অডলট বা ক্ষতিগ্রস্থ/বাতিল উৎপাদিত পণ্য) বিক্রয়ের সমস্ত আদেশ/নির্দেশ/পরিপত্র বাতিল হওয়ায় ঐ সমস্ত অডলট পণ্য বিক্রয়ের নিমিত্তে বর্তমানে অনুসরনীয় নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটির সুপারিশমালা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। এমতাবস্থায়, মিলের অডলট পণ্য বিক্রয়ের ক্ষেত্রে এখন থেকে নিম্নবর্ণিত কার্যক্রম অনুসরণ করতে হবে।

(ক) অডলট/অরপ্তানীযোগ্য উৎপাদিত পণ্যের তালিকা প্রস্তুতকরণঃ

বিজেএমসির নিয়ন্ত্রণাধীন কোন মিলের উৎপাদন বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত তালিকা অনুসারে অরপ্তানীযোগ্য নিম্নে বর্ণিত অডলট পণ্যসমুহ মিলে জমা হয়ে থাকলে মিল কর্তৃপক্ষ পণ্যগুলি স্থানীয় বাজারে টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা নিবে। মিল প্রতি ৬ মাস অন্তর এই তালিকা প্রস্তুত করবে।

(১) রপ্তানীর অযোগ্য/ক্ষতিগ্রস্থ/দূষিত হেসিয়ান ও স্যাকিং পণ্য।
(২) রপ্তানীর অযোগ্য/ক্ষতিগ্রস্থ/দূষিত রোল বা খোলা অবস্থায় কার্পেট ব্যাকিং কাপড়।
(৩) রপ্তানীর অযোগ্য হেসিয়ান ও স্যাকিং এর টুকরা কাপড়সমূহ।

(খ) সার্ভে কমিটিঃ

মিল কর্তৃপক্ষ অডলট/অরপ্তানীযোগ্য উৎপাদিত পণ্যের বিস্তারিত বিবরণসহ তালিকা প্রস্তুত করে পণ্যগুলির সঠিক মান ও পরিমান নির্ধারণের লক্ষ্যে সার্ভে করার নিমিত্তে একটি কমিটি গঠন করে দেয়ার জন্য বিজেএমসির প্রধান কার্যালয়ের মান নিয়ন্ত্রণ বিভাগকে অনুরোধ জানাবেন। বিজেএমসির মান নিয়ন্ত্রণ বিভাগ নিম্নে বর্ণিত ৪(চার) সদস্য বিশিষ্ট একটি সার্ভে কমিটি গঠন করে দিবেঃ

| | | |
|---|---|---|
| (১) সংশ্লিষ্ট অঞ্চলের উৎপাদন বিভাগীয় প্রধান/লিয়াজোঁ কর্মকর্তা | - | আহবায়ক |
| (২) সংশ্লিষ্ট মিলের উৎপাদন বিভাগীয় প্রধান | - | সদস্য |
| (৩) সংশ্লিষ্ট মিলের মান নিয়ন্ত্রণ প্রধান | - | সদস্য |
| (৪) সংশ্লিষ্ট মিলের রপ্তানী বিভাগীয় প্রধান | - | সদস্য-সচিব |

কমিটি জরুরী ভিত্তিতে সার্ভে কার্য সম্পাদনপূর্বক প্রতিবেদন সংশ্লিষ্ট মিলের প্রকল্প প্রধানের মাধ্যমে আঞ্চলিক মহাব্যবস্থাপক/আঞ্চলিক সমন্বয়নকারীর দপ্তরে অনুমোদনের জন্য পেশ করবে।

(গ) টেন্ডার কমিটিঃ

বিজেএমসি প্রধান কার্যালয়ের মান নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক গঠিত সার্ভে কমিটির সার্ভেকৃত অডলট/অরপ্তানীযোগ্য উৎপাদিত পণ্যের প্রতিবেদন আঞ্চলিক মহাব্যবস্থাপক/সমন্বয়কারী কর্তৃক সর্বোচ্চ দুই সপ্তাহের মধ্যে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের নিমিত্তে অনুমোদিত হলে সংশ্লিষ্ট মিল কর্তৃপক্ষ নিম্নে বর্ণিত ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করবেনঃ

| | | |
|---|---|---|
| (১) সংশ্লিষ্ট মিলের প্রকল্প প্রধান | - | আহবায়ক |
| (২) সংশ্লিষ্ট মিলের হিসাব বিভাগীয় প্রধান | - | সদস্য-সচিব |
| (৩) সংশ্লিষ্ট মিলের প্রশাসন বিভাগীয় প্রধান | - | সদস্য |
| (৪) সংশ্লিষ্ট মিলের রপ্তানী বিভাগীয় প্রধান | - | সদস্য |
| (৫) সংশ্লিষ্ট মিলের মান নিয়ন্ত্রণ বিভাগীয় প্রধান | - | সদস্য |

(ঘ) টেন্ডারের নিয়মাবলীঃ

(১) টেন্ডার আহবানের পূর্বে টেন্ডার কমিটি কর্তৃক অডলট/অরপ্তানীযোগ্য উৎপাদিত পণ্যের যথাযথ সংরক্ষিত মূল্য (রিজার্ভ প্রাইজ) নির্ধারণ করতে হবে।

(২) জাতীয় ও আঞ্চলিক পর্যায়ের কমপক্ষে ৩টি দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রচলিত নিয়মানুসারে প্রেস টেন্ডার আহবান করতে হবে।

(৩) প্রদত্ত দরের ১% হারে আর্নেষ্টমানি জমা নিতে হবে।

(৪) সর্বনিম্ন তিনটি দরপত্র পেতে হবে।

(৫) সংরক্ষিত মূল্যের চেয়ে কম দর পাওয়া গেলে পুনরায় প্রেস টেন্ডার করতে হবে। ২য় বারেও দর কম পাওয়া গেলে ৩য় বার প্রেস টেন্ডার করতে হবে।

(৬) ৩য় বার টেন্ডার আহবানের পর প্রাপ্ত দর গ্রহণযোগ্য না হলে টেন্ডার কমিটি ১ম/২য়/৩য় সর্বোচ্চ দর দাতার সাথে আলাদা আলাদাভাবে দর কষাকষি করবে। তাছাড়া টেন্ডারের প্রচলিত অন্যান্য বিধি বিধান বহাল থাকবে। সর্বোচ্চ ২/৩ মাসের মধ্যে টেন্ডার প্রক্রিয়া শেষ করে টেন্ডার কমিটি তাদের পূর্ণাঙ্গ সুপারিশমালা প্রণয়ন করবে।

(ঙ) টেন্ডার কমিটির সুপারিশ অনুমোদনঃ

উপরোল্লিখিত প্রক্রিয়ায় টেন্ডার আহবানের মাধ্যমে অডলট/অরপ্তানীযোগ্য উৎপাদিত পণ্য সর্বোচ্চ দর দাতার নিকট বিক্রয়ের নিমিত্তে টেন্ডার কমিটি সার্ভে রিপোর্টসহ তাদের সুনির্দিষ্ট সুপারিশমালা আঞ্চলিক মহাব্যবস্থাপক/সমন্বয়কারীর নিকট পেশ করবে। আঞ্চলিক মহাব্যবস্থাপক/সমন্বয়কারী বিষয়টি যথাসত্ত্বর পরীক্ষা নিরীক্ষাপূর্বক চূড়ান্ত বিক্রয় অনুমোদনের জন্য নিম্নলিখিত সংশ্লিষ্ট আর্থিক ক্ষমতা প্রাপ্ত কর্তৃপক্ষের নিকট পেশ করবেন।

(চ) প্রস্তাবিত আর্থিক অনুমোদন প্রদান ক্ষমতা প্রাপ্ত কর্তৃপক্ষঃ

| | | |
|---|---|---|
| (১) আঞ্চলিক মহাব্যবস্থাপক/সমন্বয়কারী | ঃ | ১.০০ লক্ষ টাকা পর্যন্ত। |
| (২) সংশ্লিষ্ট মিলের এন্টারপ্রাইজ বোর্ড | ঃ | ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত। |
| (৩) বিজেএমসির পরিচালক (অর্থ) | ঃ | ৭.০০ লক্ষ টাকা পর্যন্ত। |
| (৪) বিজেএমসির চেয়ারম্যান | ঃ | ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত। |
| (৫) বিজেএমসি বোর্ড | ঃ | ১০.০০ লক্ষ টাকার উর্ধে। |

(ছ) টেন্ডারের নিস্পত্তিকৃত পণ্যের সরবরাহঃ

উপরোল্লিখিত পদক্ষেপের মাধ্যমে কোন অডলট/অরপ্তানীযোগ্য উৎপাদিত পণ্যের বিক্রয় প্রক্রিয়ার চূড়ান্ত অনুমোদন হলে উক্ত পণ্য ক্রেতার নিকট নিম্ন বর্ণিত কমিটির সদস্যদের উপস্থিতিতে সরবরাহ করতে হবে। ডেলিভারী কমিটি সংশ্লিষ্ট আঞ্চলিক মহাব্যবস্থাপক/সমন্বয়কারী কর্তৃক গঠিত হবেঃ-

(১) ৫০ এবং তদাপেক্ষা কম সংখ্যক বেল/রোল সংশ্লিষ্ট মিলের প্রশাসন, মান নিয়ন্ত্রণ, রপ্তানী এবং হিসাব বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত কমিটি।

(২) ৫১ বা তদূর্ধ সংখ্যক বেল/রোল আঞ্চলিক কার্যালয়ের উৎপাদন বিভাগীয় প্রধান/লিয়াজোঁ কর্মকর্তাকে আহবায়ক করে সংশ্লিষ্ট মিলের প্রশাসন, মান নিয়ন্ত্রণ, রপ্তানী এবং হিসাব বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত কমিটি।

২। এতদবিষয়ে ইতোপূর্বে জারীকৃত সকল আদেশ/নির্দেশ/পরিপত্র বাতিল বলে গণ্য হবে এবং এই পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

(এম, এ, সোবহান) ২০/৭/৮৫
সচিব

বিতরণঃ

১। সকল প্রকল্প প্রধান, বিজেএমসি।

২। সমন্বয়কারী/লিয়াজোঁ কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা অঞ্চল, বিজেএমসি।

অনুলিপিঃ সদয় অবগতি এবং কার্যার্থেঃ

১। নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বিজেএমসি, ঢাকা।

২। সকল মহাব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা।

৩। সকল উপ-মহাব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা।

৪। চেয়ারম্যান মহোদয়ের উপ-ব্যবস্থাপক, বিজেএমসি, ঢাকা।

৫। [illegible]

বাংলাদেশ পাট কল করপোরেশন
আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

সূত্র নং - বিজেএমসি/প্রশা-১/ক্রিসেন্ট-১১(অংশ-১২)/০৭/৩১৪ তারিখ ঃ ৮-৬-০৮ ইং

পরিপত্র নং ৩

বিষয় ঃ- অডলট পণ্য বিক্রির জন্য রিজার্ভ মূল্য নির্ধারনের লক্ষ্যে কমিটি পুনঃ গঠন প্রসংগে।

উপরিউক্ত বিষয়ে গত ৪-৫-০৮ তারিখে অনুষ্ঠিত পরিচালক মন্ডলীর মন্ডলীর সভা নং ২০৭'০৪/০৭-০৮ ক্রমিক নং ৬ এ নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

মিল সমূহের অডলট পণ্য বিক্রির জন্য রিজার্ভ মূল্য নির্ধারন এর লক্ষ্যে প্রধান কার্যালয়ের একজন কর্মকর্তা অন্তর্ভূক্ত করে কমিটি পুনর্গঠন করা হোক।

২। বোর্ড সভার উপরোক্ত সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়নের জন্য সকল প্রকল্প প্রধান-কে অনুরোধ করা যাইতেছে।

দি ক্রিসেন্ট জুট মিলস্ কোং লিঃ
প্রাপ্তি
স্বাক্ষর
প্রাপ্তি তারিখ
ক্রমিক নং ৮৬৩২

(এ,কে, জিয়াউদ্দিন আহমেদ)
মহাব্যবস্থাপক(প্রশা ও সাঃ সেঃ)

বিতরন ঃ-
প্রকল্প প্রধান
ক্রিসেন্ট জুট

অনুলিপি ঃ-
১। আঞ্চলিক সমন্বয়কারী, ঢাকা/চট্টগ্রাম/খুলনা, বিজেএমসি, ঢাকা, চট্টগ্রাম, খুলনা।
২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা), বিজেএমসি, ঢাকা।
৩। লিয়াজোঁ কর্মকর্তা, ঢাকা/চটগ্রাম/খুলনা।
৪। উপ-মহাব্যবস্থাপক (বোর্ড এন্ড কোং), বিজেএমসি, ঢাকা।
৫। অফিস কপি।
৬। মাষ্টার ফাইল।